দৈনিক ইত্তেফাক

02 APR 2008

# ছাত্র রাজনীতি লেজুরবৃত্তি মুক্ত করতে অধ্যাদেশ করা হতে পারে

এম সাখাওয়াত হোসেন

ইত্তেফাক রিপোর্ট ॥ যুবকদের সমস্যা, প্রত্যাশা ও চাহিদা নীতি নির্ধারণী পর্যায়ে তুলে ধরতে গতকাল মঙ্গলবার থেকে রাজধানীর চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে শুরু হয়েছে তারুণ্যের মেলা। দুইদিনের এ মেলায় রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের তিন সহস্রাধিক ছাত্র-ছাত্রী অংশ নিচ্ছে। মেলা উদ্বোধন করেন নির্বাচন কমিশনার এম সাখাওয়াত হোসেন। তিনি বলেন, আমাদের মোট ভোটারের ৬০ ভাগই তরুণ। রাজনৈতিক দলগুলো তরুণ নেতৃত্বকে পৃষ্ঠপোষকতা করে না। তবে আমরা তারুণ্য নির্ভর জাতীয় নেতৃত্ব প্রত্যাশা করি। ইন্টারন্যাশনাল রিপাবলিকান ইনস্টিটিউট (আইআরআই) আয়োজিত অনুষ্ঠানে আইআরআই'র আবাসিক প্রতিনিধি জেফরি ভানেস, কথা সাহিত্যিক ইমদাদুল হক মিলন, মিডিয়া ব্যক্তিত্ব আব্দুন নূর তুষার প্রমুখ বক্তব্য রাখেন। এম সাখাওয়াত হোসেন বলেন, মূল রাজনৈতিক দলের লেজুরবৃত্তি ছাড়া কেউই নেতা হতে পারে না। তাই মূল ধারার রাজনীতি থেকে ছাত্র রাজনীতিকে মুক্ত করতে আমরা একটি অধ্যাদেশ করার কথা ভাবছি। তিনি আরো বলেন, আগামী দুই তিন মাসের মধ্যে ভোটার নিবন্ধন প্রক্রিয়ার কাজ শেষ হবে। এ বছরের মধ্যেই একটি সুষ্ঠু নির্বাচন করাই নির্বাচন কমিশনের প্রধান লক্ষ্য।

আইআরআই আবাসিক প্রতিনিধি জেফরি ভানেস বলেন, ২০০৮ সাল বাংলাদেশের জন্য খুবই গুরুত্বপূর্ণ। এবারের নির্বাচনে আট কোটিরও বেশি ভোটার পরবর্তী পাঁচ বছরের জন্য জনপ্রতিনিধি নির্বাচন করবে। গতকালের অনুষ্ঠানের মধ্যে ছিল সিডিডি ও রূপান্তরের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান, রাজনৈতিক নেতৃবৃন্দের সঙ্গে যুবকদের জাতীয় ইস্যু ভিত্তিক প্রশ্নোত্তর পর্ব, পটগান এবং কুইজ শো। মেলায় শতাধিক স্টল অংশ নেয়। আজ বুধবার যুব ইশতেহারের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে।